

(প্রেস বিজ্ঞপ্তি)

১২ জুন'২০২৪খ্রিঃ

অপর্ণাচরণ সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজের এইচ.এস.সি পরীক্ষার্থীদের বিদায় সংবর্ধনা
অনুষ্ঠানে ভারপ্রাপ্ত মেয়র নারী সমাজকে গুনগত শিক্ষা দিয়ে জনসম্পদে পরিণত করতে হবে

আমাদের সমাজের নানা কুসংস্কার এবং পশ্চাদপদ মানসিকতার কারণে নারীরা এক সময় শিক্ষার অধিকার থেকে বঞ্চিত থেকেছে। একটি দেশের সুসম বিকাশের জন্য অর্থনৈতিক উন্নয়ন, সামাজিক অগ্রগতি, নারীর ক্ষমতায়ন ও সক্রিয় অংশগ্রহণ অত্যন্ত জরুরী। নারীরাও যে দেশের সম্পদ এ উপলব্ধি দিন দিন বাড়ছে। নারী সমাজকে গুনগত শিক্ষা দিয়ে জনসম্পদে পরিণত করে সার্বিক উন্নয়ন কর্মকাণ্ডে অংশগ্রহণের নানা পদক্ষেপ সরকার গ্রহণ করেছে। যার মাধ্যমে নারীর ক্ষমতায়ন আজ সম্ভব হয়েছে।
বুধবার সকালে অপর্ণাচরণ সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজের এইচ.এস.সি পরীক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র আফরোজা জহুর একথা বলেন।
অপর্ণাচরণ সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজের গভ. বড়ির সদস্য কাউন্সিলর সলিম উল্লাহ বাচ্চুর সভাপতিত্বে সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান বক্তা ছিলেন-চসিক প্রধান শিক্ষা কর্মকর্তা সাইফুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন-ওয়ার্ড কাউন্সিলর আবদুস সালাম মাসুম, সংরক্ষিত কাউন্সিলর নিলু নাগ, শিক্ষা কর্মকর্তা মোহাম্মৎ রাশেদা আকতার। স্বগত বক্তব্য রাখেন অধ্যক্ষ মোহাম্মদ আবু তালেব বেলাল।
ভারপ্রাপ্ত মেয়র বলেন, শিক্ষার আলোকে সমাজকে আলোকিত করে সকল সমস্যা সমাধানে আমাদের একসাথে কাজ করতে হবে এবং পড়ালেখার পাশাপাশি মানবিক গুনাবলীসম্পন্ন, ইতিবাচক দৃষ্টিভঙ্গির ও আত্মবিশ্বাসী হয়ে গড়ে ওঠার সকল সুযোগ এই কলেজে যেন অব্যাহত থাকে সে ব্যাপারে কলেজে কর্মরত শিক্ষক-শিক্ষিকাসহ অন্যান্যদের আন্তরিক হওয়ার আহ্বান জানান।

জননেতা এম এ হান্নানের কবরে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানান
ভারপ্রাপ্ত মেয়র আফরোজা জহুর

জননেতা এম এ হান্নানের মৃত্যুবার্ষিকী উপলক্ষে মরহুমের কবরে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র আফরোজা জহুর। এ সময় ভারপ্রাপ্ত মেয়রের সাথে উপস্থিত ছিলেন-কাউন্সিলর আবদুস সালাম মাসুম, সলিমুল্লাহ (বাচ্চু), হাসান মুরাদ বিপ্লব, নাজমুল হাসান ডিউক, চসিক বস্তি উন্নয়ন কর্মকর্তা মঈনুল হোসেন আলী (জয়)।

চসিকের ভ্রাম্যমান আদালত চসিক অনুমোদিত বাজারের বাইরে পশু বিক্রির দায়ে
শেঠ এথোকে ২০ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা'র আজ বুধবার নগরীর কাজির দেউরী এলকায় মোবাইল কোর্ট পরিচালনা করেন। এসময় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অননুমোদিত স্থানে কোরবানীর পশু বিক্রির দায়ে শেঠ এথোকে ২০ হাজার টাকা জরিমানা আদায় করেন এবং উক্ত স্থান থেকে পশুগুলো বাজারে নেয়ার নির্দেশনা প্রদান করেন। সে সময় ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন সিটি কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮